মেহেরপুরে গাংনীতে করোনা উপসর্গ নিয়ে ব্যক্তির মৃত্যু

মেহেরপুরে গাংনীতে করোনা উপসর্গ নিয়ে জয়নাল আবেদীন (৫৫) নামের এক ব্যক্তির মৃত্যু হয়েছে। মঙ্গলবার দুপুর ১২ টায় নিজ বাড়িতে মৃত্যু হয় তার। সে বামুন্দী পশ্চিমপাড়ার খোদা বক্সের ছেলে। গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যান কর্মকর্তা ডা: রিয়াজুল আলম জানান, জয়নাল আবেদীনের করোনা উপসর্গ থাকায় পরীক্ষার জন্য নমুনা সংগ্রহ করা হয়েছে।

নমুনা পরীক্ষার ফলাফল হাতে পাওয়ার পর করোনা আক্রান্তে মৃত্যু হয়েছে কি না বিষয়টি নিশ্চিত হওয়া যাবে। স্থানীয়রা জানিয়েছেন,বেশ কয়েকদিন যাবত জয়নাল আবেদীন সর্দি কাশি ও জ্বর হওয়ার কারনে অসুস্থ ছিলো। জয়নাল আবেদীনের ছেলে শামিম আহমেদের সাথে এ বিষয়ে কথা বলতে চাইলে তার ব্যবহৃত মোবাইল ফোন বন্ধ পাওয়া যায়।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার সেলিম শাহনেওয়াজ বলেন,মৃত্যু’র বিষয়টি জানা নেই। তবে করোনা উপসর্গ নিয়ে মারা গেলে ইসলামী ফাউন্ডেশনের সদস্যরা দাফনের ব্যবস্থা করবে।

মুজিবনগরে ফেনসিডিলসহ দুইজন মাদক কারবারী আটক

মুজিবনগরে ২১ বতল ফেনসিডিল সহ দুজন মাদক কারবারীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ। মঙ্গলবার ভোর সাড়ে ছয়টার দিকে আসামীদের নিজ বাড়ি থেকে তাদের হাতেনাতে আটক করা হয়। আটকৃতরা হলেন, মুজিবনগর উপজেলার দারিয়াপুর পশ্চিমপাড়ার মৃতঃ আবু ইলিয়াসের ছেলে আলমগীর হোসেন ও একই গ্রামের ফাক্কারুল ইসলামের ছেলে জাব্বারুল ইসলাম।

মুজিবনগর থানার এএসআই ইলিয়াস জানান, অফিসার ইনচার্জ মহোদয়ের

নির্দেশে গোপন সংবাদের ভিত্তিতে এসআই পলাশ কুমার রায় ও আমি আলমগীরের বাড়িতে অভিযান চালায়।

অভিযান চলাকালীন সময়ে আলমগীর হোসেনের কাছ থেকে ১১ বতল ও জাব্বারুল ইসলামের কাছ থেকে ১০ বতল ফেনসিডিলসহ আসামীদেরকে হাতেনাতে আটক করা হয়। তাদের নামে মুজিবনগর থানায় মাদকদ্রব্য আইনে মামলা দেওয়া হয়েছে। দুপুরে তাদের আদালতে প্রেরন করা হবে।

মেহেরপুরে নতুন করে দু’জন করোনা আক্রান্ত

মেহেরপুরের গাংনীতে নতুন করে দু’জন করোনা আক্রান্ত হয়েছে। সোমবার সন্ধ্যায় এ তথ্য নিশ্চিত করেছেন গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যান কর্মকর্তা ডা: রিয়াজুল আলম। আক্রান্তরা হলেন,সাহারবাটি গ্রামের করোনা আক্রান্তে মৃত কফেল আলীর স্ত্রীর মমতাজ বেগম (৩০) ও নওয়াপাড়া গ্রামের বাগানপাড়া এলাকার আহারন নেছা (৪৫)।
মেহেরপুরের সিভিল সার্জন ডা: মো: নাসির উদ্দীন জানান,এ পর্যন্ত জেলায় ১৭শ’৮৩টি নমুনা পরীক্ষার ফলাফলের মধ্যে আক্রান্ত ৭৪ জন। এরমধ্যে মেহেরপুরে ৩৬,গাংনীতে ৩২ ও মুজিবনগরে ৬ জন। সুস্থ হয়েছে ২৫জন ও মৃত্য হয়েছে ৫ জনের।
গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যান কর্মকর্তা ডা: রিয়াজুল আলম জানান,আক্রান্তরা নিজ নিজ বাড়ি থেকে চিকিৎসা নেবেন। স্বাস্থ্য বিভাগ সার্বিক সহযোগিতা করবে।
উপজেলা প্রশাসন আক্রান্তদের বাড়ি সহ তাদের পার্শবর্তী কয়েকটি বাড়ি লকডাউন ঘোষনা করবে। সকলকে স্বাস্থ্য বিধি মেনে চলার আহবান জানান তিনি।

বাংলাদেশ-ভারত মৈত্রী অটুট থাকুক শ্লোগানে মানব বন্ধন

বাংলাদেশ-ভারত মৈত্রী অটুট থাকুক শ্লোগানে বাংলাদেশ সচেতন নাগরিক কমিটির ব্যানারে মানব বন্ধন কর্মসুচি পালন করেন বিভিন্ন শ্রেণী পেশার প্রতিনিধিসহ সংগঠনের সদস্যরা ।

’৭১ এর মুক্তিযুদ্ধে ভারত সরকার এবং ভারতীয় সেনাবাহিনীর আত্মত্যাগ এবং অবদানের কথা স্মরণ করে বক্তব্য রাখেন অংশগ্রহনকারীরা । দুই দেশের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক অটুট থাকার পক্ষে এবং সীমান্তে চীনা বাহিনীর হামলায় ২০ ভারতীয় সেনা হত্যার প্র্রতিবাদও জানান তারা বক্তব্যে।

মুক্তিযোদ্ধা আবদুল মালেক সরকারের সঞ্চালনায় সম্প্রতি (শনিবার) দিনাজপুর প্রেসক্লাবের সামনের সড়কে অনুষ্ঠিত এই মানব বন্ধনে বক্তব্য রাখেন রতন সিংহ,গোলাম নবী দুলাল,সৈকত পাল প্রমুখ ।

গাংনীতে পানিতে ডুবে যাওয়া কিশোর মিলনের মরদেহ উদ্ধার করে ফায়ার সার্ভিস

পুকুরে মাছ ধরতে গিয়ে পানিতে ডুবে যাওয়ার প্রায় আড়াই ঘন্টা পর উদ্ধার হয় কিশোর মিলনের মরদেহ। এলাকাবাসী অনেক চেস্টার পরে ব্যার্থ হয়ে খবর দেয় গাংনীর ফায়ার সার্ভিস অফিসকে। ফায়ার সার্ভিসের একটি দল সেখানে পৌছানোর আগেই পানির নিচে তলিয়ে মিলন। হৃদয় বিদারক ঘটনাটি ঘটে গতকাল বিকালে গাংনী উপজেলার করমদি গ্রামে পশ্চিম পাড়ায়।

জানাগেছে,করমদি গ্রামের আব্দুর রাজ্জাকের ছেলে মিলন (১০) প্রতিবেশি মোজাম্মেলের পুকুরে মাছ ধরতে যেয়ে পানিতে পড়ে যায়। পথ

চারিরা মিলনের পড়ে যাওয়া দেখে পুকুরে নেমে তাকে খোঁজার চেষ্টা করে ব্যার্থ হয়। অবশেষে গাংনীর বামুন্দি ফায়ার সার্ভিসকে খবরদিলে ফায়ার সার্ভিসের একটি দল ঘটনা স্থলে গিয়ে ঘন্টা ব্যাপী চেষ্টার পর প্রায় ১২/১৫ ফিট পানির নিচ থেকে মিলনের মরদেহ ওই দিন সন্ধা সাড়ে ৭ টার দিকে উদ্ধার করে।

সাব অফিসার ইছাহাক আলীর নের্তৃত্বে এসময় ফায়ার ম্যান আরিফ হোসেনসহ অনেকেই উপস্থিত ছিলেন। মিলনের মৃত্যুর খবরে পরিবারসহ এলাকায় শোক নেমে আসে। ফায়ার সার্ভিসের সাব অফিসার মহিউদ্দীন জানান, খবর দিতে অনেক দেরী করেছে এলাকাবাসী। তবে এঘটনার পর থেকে যেকোন দুর্ঘটনা ঘটলে দ্রত ফায়ার সার্ভিসকে সংবাদ পৌছানোর অনুরোধ জানান।

মেহেরপুরে স্বেচ্ছাসেবক সংগঠনের মাস্ক বিতরণ

কোরোনা মোকাবেলায় মাননীয় জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন এমপি মহাদয়ের নির্দেশনায় মাস্ক বিতরণ করা।

সোমবার বিকেল ৩ তার দিকে মেহেরপুর সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি আদিব হোসেন আসিফ মাস্ক বিতরণের উদ্বোধন করেন।

উদ্বোধনকালে তিনি বলেন, আমরা স্বেচ্ছাসেবক সংগঠন থেকে মাস্ক বিতরনের মাধ্যমে মানুষকে সচেতন করার চেষ্টা চালাচ্ছি। তিনি আরও বলেন আমরা যদি সচেতন হই, আমাদের পরিবারসহ আশেপাশের মানুষজন সুস্থ থাকবে। স্বাস্থ্যবিধি মেনে আমাদের চলাচল করতে হবে। করোনা ভাইরাস প্রতিরোধে মাস্ক একটি গুরুত্বপূর্ণ উপকরণ।

মেহেরপুর বড়বাজার থেকে কাসারিপাড়া মোড় পর্যন্ত রিকশাচালক, ইজিবাইক চালকসহ সাধারণ মানুষের মাঝে মাস্ক বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন, কুতুবউদ্দিন আহমেদ সাধারণ সম্পাদক মেহেরপুর

সরকারি কলেজ শাখা ছাত্রলীগ। আওয়ামী যুবলীগ নেতা আলাউদ্দিন ও আব্দুল্লাহ আল মামুন,

সিনিয়র সহ-সভাপতি রাজু আহমেদ লিটিল,
সাবেক মুক্তিযোদ্ধা বিষয়ক সম্পাদক ফয়সাল আহমেদ রকি, রাজীব আওয়ামী মুক্তিযোদ্ধা প্রজন্মলীগ,সহ-সভাপতি তানভির আহমেদ, সাধারন সম্পাদক তুহিন সাবেক প্রমূখ।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে প্রতিবন্ধীদের মাঝে হুইলচেয়ার বিতরণ

মেহেরপুরে প্রতিবন্ধিদের মাঝে হুইল চেয়ার বিতরণ
মেহেরপুরে এডিপি’র অর্থায়নে প্রতিবন্ধিদের মাঝে হুইল চেয়ার বিতরণ করা হয়েছে।

রবিবার দুপুরে মেহেরপুর সদর উপজেলার সম্মেলন কক্ষে সদর উপজেলার ৩২ জন প্রতিবন্ধিদের মাঝে এই চেয়ার বিতরণ করা হয়।

উপজেলা সমাজ সেবা অধিদপ্তরের উদ্যোগে ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় চলাচলে অক্ষম ব্যক্তিদের হাতে চেয়ার গুলো তুলে দেওয়া হয়।

হুইল চেয়ার বিতরণে উপস্থিত ছিলেন, সদর উপজেলা চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার মাসুদুল আলম, ভাইস চেয়ারম্যান মোমিনুল ইসলাম, লতিফুন নেছা লতা।

মেপ্র/এমএফআর

গত ২৪ ঘণ্টায় দেশে ৪০১৪ জনের করোনা শনাক্ত

গত ২৪ ঘণ্টায় বাংলাদেশে নতুন করে আরও ৪০১৪ জনের শরীরে করোনাভাইরাসের (কোভিড-১৯) সংক্রমণ শনাক্ত হয়েছে। ফলে মোট শনাক্তের সংখ্যা দাঁড়িয়েছে ১ লাখ ৪১ হাজার ৮০১ জনে।

আজ সোমবার দুপুরে করোনা পরিস্থিতি নিয়ে নিয়মিত স্বাস্থ্য বুলেটিনে স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক ডা. নাসিমা সুলতানা এ তথ্য জানান।

গত ২৪ ঘণ্টায় মৃত্যু হয়েছে আরও ৪৫ জনের। এ নিয়ে মোট মৃত্যু হলো ১৭৮৩ জনের। সূত্র-যুগান্তর

বুড়িগঙ্গা ট্রাজেডির দিনে ৪৫ জনের প্রাণ কাড়ল করোনা

বুড়িগঙ্গা নদীতে লঞ্চডুবির ঘটনার দিনে করোনাভাইরাসে দেশে আরও ৪৫ প্রাণ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ১ হাজার ৭৮৩ জন কোভিড রোগী মারা গেলেন।

এই সময়ে ৪ হাজার ১৪ জন শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে মোট শনাক্ত হলেন ১ লাখ ৪১ হাজার ৮০১ জন।

গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ২ হাজার ৫৩ জন এবং মোট সুস্থ ৫৭ হাজার ৭৮০ জন।

প্রসঙ্গত গত বছরের ৩১ ডিসেম্বর চীনের হুবেই প্রদেশের উহান শহর থেকে প্রথম করোনাভাইরাস শনাক্ত হয়। দেশে প্রথম কোভিড-১৯ রোগীশনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ।

২৫ মার্চ প্রথমবারের মতো রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর) জানায়, বাংলাদেশে সীমিত পরিসরে কমিউনিটি ট্রান্সমিশন বা সামাজিকভাবে করোনাভাইরাসের সংক্রমণ হচ্ছে। সূত্র-যুগান্তর

বুড়িগঙ্গায় লঞ্চ ডুবির ঘটনায় ২৫ জনের মৃতদেহ উদ্ধার

রাজধানীর বুড়িগঙ্গা নদীতে অর্ধশতাধিক যাত্রী নিয়ে একটি লঞ্চ ডুবে গেছে।

সোমবার সকাল ৯টার দিকে সদরঘাটের শ্যামবাজার পয়েন্টে যাত্রীবাহী লঞ্চ ডুবির ঘটনায় ২৫ জনের মৃতদেহ উদ্ধার করা হয়েছে। এছাড়া আরও অর্ধশতাধিক মানুষ নিখোঁজ রয়েছেন বলে জানা গেছে।

ফায়ার সার্ভিসের ডিউটি অফিসার রোজিনা আক্তার জানান, ময়ূর-২ নামের একটি লঞ্চের সঙ্গে ধাক্কা লেগে মর্নিং বার্ড লঞ্চটি ডুবে যায়।

খবর পেয়ে ফায়ার সার্ভিসের ডুবুরি দল ঘটনাস্থলে গিয়ে উদ্ধারকাজ চালাচ্ছেন। এখনও হতাহতের কোনো খবর পাওয়া যায়নি বলে জানান তিনি।

সূত্রে জানা গেছে, সকাল পৌনে ৮টার দিকে মর্নিং বার্ড লঞ্চটি অর্ধশতাধিক যাত্রী নিয়ে মুন্সীগঞ্জ থেকে ঢাকার উদ্দেশে ছেড়ে আসে। পথে ফরাশগঞ্জ এলাকায় ময়ূর-২ নামের লঞ্চের সঙ্গে ধাক্কা লাগলে ডুবে যায় সেটি।

কেরানীগঞ্জের একটি ডকইয়ার্ড থেকে মেরামত শেষে ময়ূর-২ নদীতে নামানোর সময় ওই দুর্ঘটনা ঘটে বলে জানা গেছে।

ডুবে যাওয়া লঞ্চটি থেকে কয়েকজন যাত্রী সাঁতরে পাড়ে উঠলেও অনেকেই নিখোঁজ রয়েছেন বলে জানিয়েছেন স্থানীয়রা।

এদিকে খবর পেয়ে উদ্ধার কাজে অংশ নিতে নারায়ণগঞ্জ থেকে

বিআইডব্লিউটিএর উদ্ধারকারী জাহাজ রওনা দিয়েছে বলে খবর পাওয়া গেছে।

বিআইডব্লিউটিএর যুগ্ম পরিচালক (বন্দর) একেএম আরিফ উদ্দিন বলেন, সকাল ৯টার দিকে মুন্সীগঞ্জ থেকে ছেড়ে আসা মর্নিং বার্ড লঞ্চটি সদরঘাটে বার্দিং করার আগ মুহূর্তে চাঁদপুরগামী ময়ূর-২ লঞ্চটি ধাক্কা দেয়। এতে সঙ্গে সঙ্গে তুলনামূলক ছোট মর্নিং বার্ড লঞ্চটি ডুবে যায়। এ সময় লঞ্চটিতে কমপক্ষে অর্ধশতাধিক যাত্রী ছিলেন বলে জানান তিনি। সূত্র- যুগান্তর